

পবিত্র রমজান উপলক্ষ্যে নিত্য পণ্য দ্রব্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার নিমিত্ত মত বিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সাকিব-আল-রাব্বি, উপজেলা নির্বাহী অফিসার, নলডাঙ্গা, নাটোর।


স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নলডাঙ্গা, নাটোর।

তারিখ : ১৩ মে ২০১৯ খ্রিঃ, সময় : সকাল ১১.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ :- ৫১ জন।

সভাপতি সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি জানান আসন্ন পবিত্র রমজান উপলক্ষে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য নির্দেশনা পাওয়া গেছে। সভায় জনাব মোঃ মামুনুর রশীদ তোতা, আলমগীর হোসেন, মোঃ নাসির উদ্দিন, বিশিষ্ট ব্যবসায়ী, জনাব মোঃ আমিরুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার, নলডাঙ্গা সহ অন্যান্য সকল ভদ্র মহোদয়গণ উপস্থিত ছিলেন। উপস্থিত ভদ্র মহোদয়গণ এতদবিষয়ে মতামত ব্যক্ত করলে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সকল পণ্যের মোড়কের গায়ে উৎপাদন, মেয়াদ উত্তীর্ণের তারিখ লিখা থাকবে এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় থেকে বিরত থাকতে হবে।	সংশ্লিষ্ট সকল
২.	স্থানীয়ভাবে উৎপাদিত ইফতারী পণ্যে সকল প্রকার রং মিশ্রণ থেকে বিরত থাকতে হবে।	ঐ
৩.	রাস্তার আশে পাশে বা দোকানে খোলা অবস্থায় কোন ইফতারী পণ্য বিক্রয় করা থেকে বিরত থাকবে।	ঐ
৪.	দিনের বেলায় সকল প্রকার হোটেল রেস্টোরা বন্ধ রাখতে হবে।	ঐ
৫.	সঠিক মাপে মাছ বা মাংস বিক্রয় করতে হবে। ওজনে কম দেয়া হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।	ঐ
৬.	রমজান মাসকে পুঁজি করে নিত্য পণ্যে দ্রব্যের মূল্য বেশি নেয়া যাবে না। সম্ভব হলে মূল্য ছাড় দিতে হবে।	ঐ
৭.	প্রত্যেক মুদি দোকানদার দোকানের প্রকাশ্য স্থানে নিত্য পণ্যে দ্রব্যের মূল্য তালিকা প্রদর্শন করবেন।	ঐ
৮.	মহামান্য সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা কর্তৃক যে ৫২ টি পণ্যের বাজারজাতের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। উক্ত পণ্যে সমূহ দোকান থেকে সরিয়ে ধবংস করতে হবে।	ঐ
৯.	বাজারে বিক্রয়ের জন্য জবাইকৃত পশুর রক্ত, বর্জ্য ইত্যাদি একটি নির্দিষ্ট স্থানে পুঁতে রাখতে হবে।	ঐ
১০.	প্রত্যেক হাট-বাজার নিয়মিত পরিষ্কার, পরিচ্ছন্ন করতে হবে।	ঐ
১১.	এতদসংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তা প্রশাসন কে জানাতে হবে।	ঐ
১২.	এতদসংক্রান্ত বিভিন্ন সময়ে জারীকৃত সরকারী আদেশ নিষেধ মেনে চলতে হবে।	ঐ


(মোঃ সাকিব-আল-রাব্বি)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর

দুরালাপনী : ০৭৭৩২-৫১০০১

ই-মেইল: unonaldanga@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলডাঙ্গা, নাটোর
www.naldanga.gov.bd

স্মারক নং ০৫.৫০.৬৯০৯.০০০.০১২.০১২.০৩৭-৩৫৪


তারিখ : ১৩.০৫.২০১৯ খ্রিঃ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :-

- (১) জনাব আলহাজ্ব শফিকুল ইসলাম শিমুল, মাননীয় সংসদ সদস্য, ৫৯-নাটোর-২ (নাটোর সদর-নলডাঙ্গা) ।
- (২) জেলা প্রশাসক, নাটোর ।
- (৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার, নাটোর ।
- (৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলডাঙ্গা, নাটোর ।

অনুলিপি(জ্ঞাতার্থে ও কার্যার্থে):-

- (৫) অফিসার ইনচার্জ, নলডাঙ্গা থানা, নলডাঙ্গা, নাটোর ।
- (৬) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কার্যালয়, ব্রহ্মপুর/মাধনগর/খাজুরা/পিপরুল/বিপ্রবেলঘরিয়া, নলডাঙ্গা, নাটোর ।
- (৭) জনাব
- (৮) অফিস নথি ।



(মোঃ আকিব-আল-রাব্বি)
উপজেলা নির্বাহী অফিসার
নলডাঙ্গা, নাটোর

দুরালাপনী : ০৭৭৩২-৫১০০১

ই-মেইল: unonaldanga@mopa.gov.bd

